বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/বিভাগের নাম : বাংলাদেশ টেলিভিশন

অভিযোগ গ্রহণ সংক্রান্ত তথ্য প্রেরণের ছক

মাসের নাম : সেপ্টেম্বর/২০২১

| মন্ত্রণালয়/বিভাগের নাম | মোট প্রাপ্ত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| বাংলাদেশ টেলিভিশন আভ্যন্তরীণ অভিযোগ | - | - | - | - | সেপ্টেম্বর ২০২১ মাসে বাংলাদেশ টেলিভিশনের বিষয়ে জনগণের নিকট থেকে কোন অভিযোগ পাওয়া যায়নি। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) নিকট থেকে যথাক্রমে ০১.০৮.২০২১ ও ০৬.০৯.২০২১ তারিখে প্রাপ্ত পত্রে অনলাইন GRS-এ প্রেরিত অভিযোগসমূহ নিষ্পত্তির লক্ষ্যে বিটিভির কর্তৃক প্রয়োজনীয় তথ্যাদি/ মতামত যথাক্রমে ২৯.০৮.২০২১ ও ২৩.০৯.২০২১ তারিখের ১৮০৮ ও ২০৭৪ সংখ্যক স্মারকমূলে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তাছাড়া অনলাইন GRS-এ প্রেরিত অভিযোগসমূহের তথ্যাদি/ মতামত GRS-এ অনলাইনে Upload করা হয়েছে (সংলাগ-১)। |

২৯/৯/২১

মুহাম্মদ নেছার উদ্দিন জুয়েল
পরিচালক (প্রশাসন)
ও
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
বাংলাদেশ টেলিভিশন
ফোন : ৫৫১৩২২২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর ভবন
রামপুরা, ঢাকা-১২১৯ ।
www.btv.gov.bd

নং- ১৫.৫৪.০০০০.০২১.০৫.১৯১.২১ . ২০৭৪

তারিখ : ০৮ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : অনলাইন GRS-এ প্রেরিত অভিযোগসমূহ নিষ্পত্তি প্রসঙ্গে।

সূত্র : ১) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের পত্র নং-১৫.০০.০০০০.০০৭.১৬.০০১.২০.২৮, তারিখ: ০৬.০৯.২০২১ ।
২) বিটিভির পত্র নং-১৫.৫৪.০০০০.০২১.০৫.১৯১.২১.১৮০৮, তারিখ: ২৯.০৮.২০২১।

উপর্যুক্ত বিষয় ও ১নং সূত্রপত্রের বরাতে অনলাইন GRS-এ প্রেরিত অভিযোগসমূহ নিষ্পত্তির বিষয়ে গৃহীত কার্যক্রমের তথ্যাদি নিম্নরূপ :

| ট্র্যাকিং নং | অভিযোগের বিষয় | অভিযোগের তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ১০০০০২৭৫৯ | চাঁদপুর জেলার হাজীগঞ্জ ক্যাবল নেটওয়ার্ক নামক প্রতিষ্ঠানে বিদেশী পে-চ্যানেল পাইরেসী | ২৬.০২.২০২০ | নতুন কেবল অপারেটরের লাইসেন্স চেয়ে জনৈক মো: মিরাজুল ইসলাম, সত্বাধিকারী হবিগঞ্জ কেবল নেটওয়ার্ক এর ১৪.০৭.২০১৯ খ্রি. তারিখের আবেদনপত্রের পরিপ্রেক্ষিতে কেবল টেলিভিশন নেটওয়ার্ক আইন, ২০০৬ এর ধারা ৮ অনুযায়ী জনাব মো: মিরাজুল ইসলাম এর অনুকূলে ০৫.০২.২০২০ তারিখ কেবল অপারেটর লাইসেন্স ইস্যু করা হয় (সংলাগ-১)।<br>ওয়ার্ল্ড ভিশন ক্যাবল নেটওয়ার্ক-এর সত্বাধিকারী জনাব রেজোয়ানুল নাহিদ কর্তৃক জনাব মো: সিরাজুল এর বিরুদ্ধে ১৮.১০.২০২০ তারিখে দাখিলকৃত অভিযোগ সরেজমিনে তদন্তপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বিটিভির ২৫.১০.২০২০ খ্রি. তারিখের ১৫.৫৪.০০০০.০৩০.৩৮.০৩৭. ১৯.১৩৮৮ সংখ্যক স্মারকে জেলা প্রশাসক, হবিগঞ্জকে পত্র প্রেরণ করা হয় এবং উক্ত পত্রের অনুলিপি অভিযোগকারীর নিকট প্রেরণ করা করা হয় (সংলাগ-২)। |
| ১০০০০৩৪৩১ | Pension Delay | ২২.০৪.২০২০ | বাংলাদেশ টেলিভিশনের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের পেনশন প্রক্রিয়াকরণ ও পেনশন মঞ্জুরী অধিদপ্তর প্রধান হিসেবে মহাপরিচালক এর এখতিয়ারাধীন । কোন কর্মচারীর পিআরএল শেষ হওয়ার ১মাস আগেই সংশ্লিষ্ট কর্মচারীর প্রয়োজনীয় কাজগপত্র দাখিল সাপেক্ষে দ্রুত পেনশন কেস নিষ্পত্তি করা হয়ে থাকে । অন্যদিকে ৯ম গ্রেড ও তদূর্ধ পর্যায়ের কর্মচারীদের পেনশন সংক্রান্ত কাগজপত্রাদি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়ে থাকে । প্রশাসনিক মন্ত্রণালয় প্রয়োজনীয় যাচাই-বাছাই সাপেক্ষে পেনশন মঞ্জুর করে থাকে । |

০২। উল্লেখ্য, অনলাইন GRS-এ অভিযোগসমূহের বিষয়ে গৃহীত কার্যক্রমের তথ্যাদি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) যুগ্মসচিব (প্রশাসন) জনাব মো: নজরুল ইসলাম কর্তৃক নিষ্পত্তির জন্য অনলাইন GRS-এ প্রেরণ করা হয়েছে।

০৩। ইহা সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো ।

সংযুক্তি: -------- পাতা ।

২৩।০৯।২০২১

সোহরাব হোসেন
মহাপরিচালক
ফোন : ৫৫১৩২২২২ (অফিস)
E-mail: dg@btv.gov.bd

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর ভবন
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

১৪ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ

নং- ১৫.৫৪.০০০০.০২১.০৫. ১৯১.২১ , ১৮০৮ তারিখ : ২৯ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : অনলাইন GRS-এ প্রেরিত অভিযোগসমূহ নিষ্পত্তি প্রসঙ্গে।

সূত্র : তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের পত্র নং-১৫,০০,০০০০,০০৭,১৬,০০১,২০,২১,তারিখ: ০১,০৮,২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্র পত্রের বরাতে অনলাইন GRS-এ প্রেরিত অভিযোগসমূহ নিষ্পত্তির বিষয়ে গৃহীত কার্যক্রমের তথ্যাদি নিম্নরূপ :

| ট্র্যাকিং নং | অভিযোগের বিষয় | অভিযোগের তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ১০০০০৫০০১ | জেনারেল ম্যানেজার (বিটিভি, চট্টগ্রাম) জনাব নিতাই কুমার ভট্টাচার্য এর দুর্নীতি ও অনৈতিক কাজের জন্য লিখিত অভিযোগ | ২৮.১১.২০২০ | বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের জেনারেল ম্যানেজার-এর বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ তদন্ত করার জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২২.০৬.২০২১ তারিখের ১৫.০০.০০০০.০২৩.২৭.০০১.১৭.১৪৩ সংখ্যক স্মারকে তদন্ত কমিটি গঠন করা হয়েছে (সংযুক্তি-১)। এছাড়াও বাংলাদেশ টেলিভিশনের ০৭.০৪.২০২১ তারিখের ১৫.৫৪.০০০.০২১.০৪.২৩০(১).১৭(অংশ-১)/১০৮৩ সংখ্যক স্মারকে আরোও একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে ( সংযুক্তি-২)। |
| ১০০০০৫০০০ | বিটিভি, চট্টগ্রাম-এর ম্যানেজার জনাব নিতাই কুমার ভট্টাচার্য এর দুর্নীতি ও অনৈতিক কার্যকলাপের লিখিত অভিযোগ | ২৮.১১.২০২০ | |
| ১০০০০৩৯৬৫ | বিদেশী পে-চ্যানেল স্টার গ্রুপের চ্যানেলসমূহ লাইসেন্স নবায়ন না করে ব্যবসা পরিচালনার অভিযোগ | ২৯.০৮.২০২০ | স্টার গ্রুপের Star Plus, Life OK (Star Bharat), Star Gold, NGC, NG Wild, Fox Life & Star Jalsa এই ০৭টি পে-চ্যানেলের স্থায়ী ডিসট্রিবিউটরে কোম্পানী যাদু ভিশন লিমেটেড গত ০৫.০৯.২০২০ তারিখে লাইসেন্স নবায়নের নিমিত্ত বিটিভিতে আবেদন দাখিল করে। উক্ত আবেদনের প্রেক্ষিতে প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রাপ্তির পর ০১.১০.২০২০ তারিখে সংশ্লিষ্ট ডিসট্রিবিউটর কোম্পানীর অনুকূলে উল্লিখিত পে-চ্যানেলের ডিসট্রিবিউটর লাইসেন্স নবায়ন করা হয় (সংযুক্তি-০৩)। |
| ১০০০০৩৫৭৬ | জাতীয় প্রচার মাধ্যমে zeros চিপস্ এর একটা এ্যাড (শিশু ও রেস্টুরেন্ট) প্রচারিত হচ্ছে। Law & human rights কি ঠিক আছে | ২৭.০৫.২০২০ | বাংলাদেশ টেলিভিশনে zeros চিপস্ এর কোন বিজ্ঞাপন প্রচার করা হয়নি। |
| ১০০০০৩২২৪ | চুক্তিভিত্তিক কর্মকর্তা ও কর্মচারীদের বৈষম্য | ১০.০৪.২০২০ | বাংলাদেশ টেলিভিশনে চুক্তিভিত্তিক ও বুকিং হিসেবে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের শিল্পী সম্মানী খাত হতে শিল্পী সম্মানীর বর্ণিত কাঠামো অনুযায়ী সম্মানী প্রদান করা হয়ে থাকে। তাঁদেরকে বিটিভির বেতন কাঠামোর আওতায় বেতন-ভাতাদি পরিশোধ কর হয় না। এক্ষেত্রে বেতন বৈষম্য হওয়ার সুযোগ নেই। |

০২। ইহা সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৩ পাতা।

২৯/০৮/২০২১

সোহরাব হোসেন
মহাপরিচালক
ফোন : ৫৫১৩২২২২ (অফিস)
E-mail: dg@btv.gov.bd

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সিস্টেম এনালিস্ট-এর কার্যালয়
ডায়েরী নং 992 তারিখ 07/10/21

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর ভবন
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

মুজিব শতবর্ষ

নং- ১৫.৫৪.০০০০.০২১.১৬.১৯১.২১. ২৭২৫ | তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ / ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ ও হালনাগাদ তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ।

সূত্র: নং-তম/প্র-২/সি-৮/২০০৯/২৭৯(১৫), তারিখ: ০৯.০৮.২০০৯।

উল্লিখিত বিষয় ও সূত্রপত্রের বরাতে বাংলাদেশ টেলিভিশনের অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির বিষয়ে সেপ্টেম্বর ২০২১ মাসে নির্ধারিত ছকে প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৩ (তিন) পাতা।

সোহরাব হোসেন
মহাপরিচালক
ফোন : ৫৫১৩২২২২ (অফিস)
E-mail: dg@btv.gov.bd

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

অনুলিপি :

০১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা - (অভিযোগ সেবাবক্স হালনাগাদ করার লক্ষ্যে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ)।

০২। প্রোগ্রামার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা - (অভিযোগ সেবাবক্স হালনাগাদ করার লক্ষ্যে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ)।

০৩। কার্যালয় নথি।

সিস্টেম এনালিস্ট-এর কার্যালয়

| | |
|---|---|
| প্রোগ্রামার-১ | প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| প্রোগ্রামার-২ | উপস্থাপন করুন |
| পিএ | কথা বলুন |
| | তাগিদ দিন |

সিস্টেম এনালিস্ট